



পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

www.pallisanchaybank.gov.bd

স্মারক নং পসব্য/প্রকা/পরি-৩২/২০২৪-২৫/৪০২

তারিখ: ২০/০৪/২০২৫ খ্রি:

সকল জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও

শাখা ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়: মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম (Death Risk Coverage Scheme) নীতিমালার আওতাধীন মৃত ঋণগ্রহীতাদের ঋণ সমন্বয়।

মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম (Death Risk Coverage Scheme) নীতিমালা অনুযায়ী নীতিমালার অন্তর্ভুক্ত ঋণগ্রহীতা ঋণের মেয়াদের মধ্যে মারা গেলে উক্ত ঋণের অনাদায়ী আসল ও মৃত্যুর পূর্বদিন পর্যন্ত মুনাফা (সার্ভিস চার্জ) বাবদ সমুদয় অর্থ স্কিমের তহবিল হতে সমন্বয় করা হয়। আলোচ্য স্কিমের আওতাধীন ঋণগ্রহীতার মৃত্যুর তারিখ হতে সংশ্লিষ্ট ঋণ হিসাবে আর কোন মুনাফা (সার্ভিস চার্জ) হবে না ও মুনাফা (সার্ভিস চার্জ) এর হিসাবায়ন হবে দিনভিত্তিক। কিন্তু ঋণগ্রহীতা মৃত্যুবরণ করলে ব্যাংকের চলমান সফটওয়্যারে মৃত্যুর তথ্য এন্ট্রি করা ও মুনাফা (সার্ভিস চার্জ) এর হিসাবায়ন বন্ধ করা সম্ভব হচ্ছে না বিধায় মাইক্রোক্রেডিট/ Cash ভিত্তিক ঋণ হিসাবসমূহের ক্ষেত্রে, গ্রাহকের মৃত্যুর দিন হতে ঋণ সমন্বয়ের পূর্বদিন পর্যন্ত মুনাফা আয়খাতে যুক্ত হয় এবং সিবিএস / Accrual ভিত্তিক ঋণ হিসাবসমূহে প্রতি মাসে ঋণের মুনাফা বাবদ প্রভিশন হিসাব ডেবিট করে আয়খাত ক্রেডিট করা হয় এবং হিসাব সমাপনীর সময় প্রভিশনকৃত অর্থ ঋণ হিসাবে ডেবিট করে প্রভিশনকে ক্রেডিট করে সমন্বয় করা হয়। হিসাব সমাপনীর সময় সকল আয় শূন্য হয়ে যাওয়ায় পরবর্তী অর্থবছরে বিগত বছরের আয়খাত ডেবিট করার কোন সুযোগ থাকে না। উক্ত বিষয়টি পরিচালনা বোর্ডের ২০/০৩/২০২৫ তারিখে অনুষ্ঠিত ১৩০ তম সভায় উপস্থাপন করা হলে বোর্ড কর্তৃক মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম (Death Risk Coverage Scheme) নীতিমালার আওতাধীন মৃত ঋণগ্রহীতাদের ঋণ সমন্বয়ের ক্ষেত্রে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করে :

(ক) মাইক্রোক্রেডিট/ Cash ভিত্তিক ঋণ হিসাবসমূহ সমন্বয়ের ক্ষেত্রে, গ্রাহকের মৃত্যুর দিন হতে ঋণ সমন্বয়ের পূর্বদিন পর্যন্ত যে মুনাফা আয়খাতে যুক্ত হবে তা আয়খাত ডেবিট করে সমন্বয় করতে হবে (ইতোমধ্যে আয়খাত ডেবিট এর মাধ্যমে সমন্বিত অর্থের কার্যভোর অনুমোদনসহ);

(খ) সিবিএস/ Accrual ভিত্তিক ঋণ হিসাবসমূহ সমন্বয়ের ক্ষেত্রে, যেসকল ঋণ হিসাবে মৃত্যু পরবর্তী মুনাফা যুক্ত হয়ে হিসাব সমাপনী সম্পন্ন হয়েছে এবং চলমান অর্থবছরে ঋণ সমন্বয়কালীন যে মুনাফা আরোপ হবে তা মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিমের তহবিল হতে সমন্বয় করতে হবে।

এমতাবস্থায়, মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম (Death Risk Coverage Scheme) নীতিমালার আওতাধীন ঋণসমূহ উপর্যুক্ত সিদ্ধান্ত মোতাবেক সমন্বয় করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত

(মোঃ আলা উদ্দিন)

মহাব্যবস্থাপক

তারিখ: ২০/০৪/২০২৫

স্মারক নং পসব্য/প্রকা/পরি-৩২/২০২৪-২৫/ ৪০২ (২২)

সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পি এ স টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. সকল বিভাগীয় প্রধান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
৬. জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
৭. প্রোগ্রামার, আইসিটি অপারেশন বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮. অফিস নথি।

(মোঃ রুহুল আমিন)

সিনিয়র প্রিন্সিপাল অফিসার